দৈনিক বাংলা

11

০২ MAY 1995

তারিখ ০২ MAY 1995
পৃষ্ঠা 2 কলাম 6

# সাক্ষরতা অর্থনৈতিক মুক্তির চালিকাশক্তি : প্রেসিডেন্ট

বরিশাল সদরের বাবুল স্মৃতি সংঘ ও পাঠাগারের একটি প্রতিনিধিদল সোমবার বঙ্গভবনে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সঙ্গে সাক্ষাৎ করেন। খবর বাসসের।

প্রতিনিধিদলের সঙ্গে আলাপকালে প্রেসিডেন্ট বিশ্বাস বলেন অন্ধকার হচ্ছে

(৮-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট

(প্রথম পৃষ্ঠার পর)

জ্ঞান-ভান্ডার। তিনি বলেন, জনগণের অর্থনৈতিক মুক্তি অর্জনে জ্ঞান ও সাক্ষরতার উচ্চ হারই হচ্ছে প্রকৃত শক্তি এবং চালিকাশক্তি। তিনি বলেন, পাঠাগার এলাকার জনগণের মধ্যে পাঠাভ্যাস সৃষ্টি এবং তা ক্রমান্বয়ে সমাজকে নিরক্ষরতা নির্মূলে সাহায্য করতে পারে। তিনি বাবুল স্মৃতি সংঘ পাঠাগারের সদস্যদেরকে জনগণের কল্যাণে সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে তাদের লক্ষ্য অর্জনের প্রচেষ্টা চালানোর পরামর্শ দেন।

প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে আবদুল বারী হাওলাদার, হাফিজুর রহমান, শহিদুল ইসলাম, মওলানা শাহ আলম এবং মোজাম্মেল হোসেন উপস্থিত ছিলেন।